

ঢাকা, ২৬ আগস্ট ২০১৯

১৫ আগস্টে ঘাতকরা বাংলাদেশ নামক রাষ্ট্রকে হত্যা করতে চেয়েছিল - শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি,
এম. পি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন ১৫ ই আগস্টের হত্যাকাণ্ড শুধুমাত্র একজন রাষ্ট্র প্রধানকে হত্যা বা কোন রাজনৈতিক হত্যাকাণ্ড ছিল না, এটা ছিল সংগ্রাম ও ত্যাগের বিনিময়ে অর্জিত বাংলাদেশ নামক রাষ্ট্রকে হত্যা করার একটি ষড়যন্ত্র। বাংলাদেশ নামক রাষ্ট্রকে মুছে দিয়ে আবার পাকিস্তানের অংশ বানানোর ষড়যন্ত্র।

হত্যা কারীরা ভেবেছিল তারা একটি রাষ্ট্র ও একটি আদর্শ কে হত্যা করবে কিন্তু তারা ব্যর্থ হয়েছে যারা এই হত্যাকাণ্ড ঘটিয়েছে তাদের কেউ কেউ এখন ও চিহ্নিত নয়। তাদের খুঁজে বের করতে একটি কমিশন গঠন করতে হবে। ১৫ ই আগস্ট ও ২১ শে আগস্ট একই ষড়যন্ত্রের অংশ। ১৫ আগস্ট শোক পালনের পাশাপাশি শপথ নেয়ার দিন। ষড়যন্ত্রকারীদের প্রতিহত করার দিন। ষড়যন্ত্রকারীদের বিষয়ে সচেতন থাকতে হবে। তাঁরা এখন ও ছোবল মারার জন্য ঘাপটি মেরে আছে।

মন্ত্রী আরও বলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশের প্রতি ছিল অসামান্য ভালবাসা। তিনি অসাধারণ একজন বাঙালী ছিলেন। যতদিন পদ্মা মেঘনা দিয়ে জল প্রবাহিত হবে তত দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের মাটিতে জীবিত থাকবেন। তাকে মুছে ফেলার অনেক ষড়যন্ত্র হয়েছে। তাও ব্যর্থ হয়েছে। তার ৭ ই মার্চের ভাষণ আজ বিশ্ব ঐতিহ্যের অংশ।

তিনি আজ বিকালে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আয়োজনে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুর, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দিন আহমেদ প্রমুখ।

তার আগে মন্ত্রী জাতীয় শোক দিবস উপলক্ষে শহীদদের স্মরণে সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপন অভিযানের অংশ হিসেবে রাজধানীর বেইলী রোডে সিদ্ধেশ্বরী গার্লস স্কুলে লীচু গাছের চারা রোপন করেন।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার:০১৭১৬০৬৬৮৮